গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

**২০১৯-২০ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী:**

সভাপতিঃ জনাব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর।
সভার স্থানঃ খাদ্য অধিদপ্তরের সভাকক্ষ
সভার তারিখঃ ২১/১১/২০১৯খ্রিঃ
সভার সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য)

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ও পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০ বাস্তবায়নকল্পে খ্যাদ্য অধিদপ্তরের কার্যক্রম সংশ্লিষ্ট অংশীজনের ২য় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি, সভা পরিচালনার জন্য উপ-পরিচালক (সংস্থাপন) কে আহবান জানান। সভায় আলোচ্য সূচি অনুসারে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তসমূহ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১। | অধিদপ্তরের নিকট অংশীজনের আকাঙ্ক্ষা | অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের যোগদানপত্র পৃষ্ঠাঙ্কন, পদায়ন, পেনশন এবং সকল প্রকার ছুটি ও কর্মকর্তা/কর্মচারিদের ব্যক্তিগত কার্যাদি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে দ্রুততার সাথে কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরি সংক্রান্ত সেবা প্রদানে তৎপর হবেন। | ১)পরিচালক(সকল), খাদ্য অধিদপ্তর;<br>২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল;<br>৩) অতিরিক্ত পরিচালক<br>৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)। |
| ২। | প্রশিক্ষণ বিষয়ক আলোচনা | খাদ্য অধিদপ্তর ও আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভায় খাদ্য অধিদপ্তর ও আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে প্রশিক্ষণ কার্যক্রমকে সহজলভ্য করার জন্য খাদ্য অধিদপ্তর ছাড়াও আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। তাছাড়া প্রশিক্ষণ বিভাগকে প্রশিক্ষণ ইন্সটিটিউটে রূপান্তরের বিষয়েও সভায় সিদ্ধান্ত হয়। | ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর;<br>২)পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর;<br>৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)। |

(মোঃ আফিফ-আল-মাহমুদ ভুঁঞা)
সহকারি খাদ্য নিয়ন্ত্রক
সংযুক্তিতে তদন্ত ও মামলা শাখা
প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৫৫২৮৫৭

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | 'কৃষকের অ্যাপ' বিষয়ে আলোচনা | কৃষক অ্যাপের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে কৃষকের উৎপাদিত খাদ্য-শস্য সরকারি খাদ্য গুদামে বিক্রি বিষয়ে সভায় আলোচনা হয়। | কৃষক অ্যাপের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে ৮টি বিভাগের ১৬টি উপজেলায় কৃষকের উৎপাদিত খাদ্য-শস্য বিক্রির পাইলট প্রকল্প সফল করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। | সংশ্লিষ্ট সকল আখানি, জেখানি,উখানি এবং ক্রয় কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ। |
| ৪। | আমন সংগ্রহ ২০১৯-২০২০ | ২০১৯-২০২০ মৌসুমের আমন সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সরকার নির্ধারিত আমন সংগ্রহ বিনির্দেশ মোতাবেক সুষ্ঠু ও স্বচ্ছভাবে আমন সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার উপর আলোচনা হয় এবং ধান সংগ্রহ করে তা দ্রুত ছাঁটায়ের ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংগ্রহ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীগণ। |
| ৫। | ওএমওস কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা | ওএমওস কার্যক্রম পরিচালনা বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ভোক্তা পর্যায়ে চালের মূল্য স্থিতিশীল রাখতে ঢাকা মহানগরসহ অন্যান্য বিভাগীয় ও জেলা শহরে সরকার নির্ধারিত মূল্যে ওএমওস কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা / কর্মচারী ও ওএমএস ডিলারগণ। |
| ৬। | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন বিষয়ে আলোচনা। | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনে খাদ্য বিভাগের সংশ্লিষ্ট সকলকে অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | খাদ্য অধিদপ্তর ও তার আওতাধীন মাঠপর্যায়ের সকল কর্মকর্তা / কর্মচারীগণ। |
| ৭। | খাদ্য বান্ধব কর্মসূচী বিষয়ে আলোচনা | সভায় খাদ্য বান্ধব কর্মসূচী বিষয়ে আলোচনা করা হয়। | খাদ্য বান্ধব কর্মসূচীর উপকারভোগীর তালিকায় স্বচ্ছল ব্যক্তিরা যাতে অন্তর্ভুক্ত না হয় তা অগ্রাধিকার ভিত্তিতে যাচাই-বাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল আখানি, জেখানি, উখানিসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা /কর্মচারীগণ। |

৩। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

০৯/১২/১৯

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
ফোন- ৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮(অংশ-১).১৯৯৮(৩০) তারিখঃ ০৯/১২/২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৬। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৭। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।

৮। অতিঃ পরিচালক, প্রশাসন, অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

১০। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

১১। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৯/১২/১৯

(মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন- ৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd